

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ১০, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক অধিশাখা  
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ/ ৭ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৪.২৪.১৯৩—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যাবলি চিহ্নিতকরণ ও সম্পাদনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে ওয়ার্কিং-গ্রুপকে সহায়তা করার জন্য আটটি সাব-গ্রুপ কমিটি নিম্নরূপে পুনর্গঠন করেছে:

(১) **কমিটির নাম:** ইন্টারন্যাশনাল অবলিগেশনস, লিগ্যাল এন্ড রেগুলেটরি অ্যাসপেক্টস এবং নিউক্লিয়ার সেফটি এন্ড সিকিউরিটি (International Obligations, Legal and Regulatory Aspects and Nuclear Safety and Security) সাব-গ্রুপ

(ক) সাব-গ্রুপ-এর গঠন:

(১) সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	আহ্বায়ক
(২) প্রতিনিধি, প্রধান উপদেষ্টার কার্যালয়	সদস্য
(৩) প্রতিনিধি, পররাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
(৪) প্রতিনিধি, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	সদস্য
(৫) প্রতিনিধি, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	সদস্য
(৬) প্রতিনিধি, জননিরাপত্তা বিভাগ	সদস্য
(৭) প্রতিনিধি, সুরক্ষা সেবা বিভাগ	সদস্য
(৮) চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	সদস্য
(৯) চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	সদস্য
(১০) ব্যবস্থাপনা পরিচালক, নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড	সদস্য
(১১) অনুবিভাগ প্রধান (পাবি), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	সদস্য-সচিব

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(২৮১৪৯)

মূল্য : টাকা ১২.০০

## (খ) সাব-গ্রুপ-এর কার্যপরিধি:

- (১) বাংলাদেশ পরমাণু শক্তি আইন, ২০১২-এর অধীন বিধিমালা ও প্রবিধানমালাসহ যাবতীয় প্রবিধি ও সংবিধি চূড়ান্তকরণ এবং রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নে যথাযথ আইন প্রণয়নে উদ্যোগ গ্রহণ;
  - (২) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় International Legal Instruments চিহ্নিতকরণ এবং সেগুলো স্বাক্ষরের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
  - (৩) একটি কার্যকর, স্বাধীন এবং উপযুক্ত নিউক্লিয়ার রেগুলেটরি বডি স্থাপনে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
  - (৪) দেশে পারমাণবিক সেফটি কালচার গড়ে তোলার লক্ষ্যে যথাযথ উদ্যোগ গ্রহণ;
  - (৫) পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র সংশ্লিষ্ট স্থাপনাসমূহ এবং পারমাণবিক দ্রব্যাদি পরিবহণ ও গুদামজাতের জন্য উপযুক্ত ফিজিক্যাল প্রটেকশন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণ;
  - (৬) সাব-গ্রুপ IAEA Nuclear Energy Series No. NG-G-3.1-এর Infrastructure Issues 1, 2, 5, 6, 7, 8, 14 এবং 15 অনুসরণ করবে।
- (গ) সাব-গ্রুপ প্রয়োজনে বিষয়ভিত্তিক সদস্য কো-অপ্ট করতে পারবে।
- (ঘ) মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার যুগ্মসচিব/সমমানের পদমর্যাদার নিচের কোনো কর্মকর্তাকে প্রতিনিধি হিসেবে মনোনীত করা যাবে না।
- (ঙ) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়-এর সংশ্লিষ্ট শাখা কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- (চ) সাব-গ্রুপের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।
- (২) **কমিটির নাম:** মালিকানা/ ইনস্টিটিউশনাল ফ্রেমওয়ার্ক (Ownership/Institutional Framework) সাব-গ্রুপ

## (ক) সাব-গ্রুপ-এর গঠন:

(১)	সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	আহ্বায়ক
(২)	প্রতিনিধি, প্রধান উপদেষ্টার কার্যালয়	সদস্য
(৩)	প্রতিনিধি, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	সদস্য
(৪)	প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	সদস্য
(৫)	প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয়	সদস্য
(৬)	প্রতিনিধি, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন	সদস্য
(৭)	প্রতিনিধি, পররাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
(৮)	অনুবিভাগ প্রধান (পাবি), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	সদস্য
(৯)	চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	সদস্য
(১০)	ব্যবস্থাপনা পরিচালক, নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড	সদস্য
(১১)	চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	সদস্য-সচিব

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

## (খ) সাব-গ্রুপ-এর কার্যপরিধি:

- (১) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ের কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অর্গানাইজেশন অবয়ব প্রতিষ্ঠা করা;
  - (২) সাইট নিরাপত্তা প্রতিবেদন চূড়ান্তকরণ এবং প্রকল্প এলাকার ভৌত অবকাঠামো উন্নয়নের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
  - (৩) প্রকল্প বাস্তবায়ন পদ্ধতি এবং বিদ্যুৎ কেন্দ্র পরিচালনার বিষয়ে সুপারিশমালা প্রণয়নের জন্য যথাযথ কার্যক্রম গ্রহণ;
  - (৪) প্রকল্প বাস্তবায়নে দেশীয় প্রতিষ্ঠানসহ প্রযুক্তি সরবরাহকারীর সহযোগিতার ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ এবং এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
  - (৫) সাব-গ্রুপ IAEA Nuclear Energy Series No. NG-G-3.1-এর Infrastructure Issues 3 অনুসরণ করবে।
- (গ) সাব-গ্রুপ প্রয়োজনে বিষয়ভিত্তিক সদস্য কো-অপ্ট করতে পারবে।
- (ঘ) মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার যুগ্মসচিব/সমমানের পদমর্যাদার নিচের কোনো কর্মকর্তাকে প্রতিনিধি হিসেবে মনোনীত করা যাবে না।
- (ঙ) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়-এর সংশ্লিষ্ট শাখা কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- (চ) সাব-গ্রুপের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।
- (৩) **কমিটির নাম:** নিউক্লিয়ার ফুয়েল সাইকেল এন্ড ম্যানেজমেন্ট অব রেডিওএ্যাকটিভ ওয়েস্ট এন্ড ডিকমিশনিং (Nuclear Fuel Cycle and Management of Radioactive Waste and Decommissioning) সাব-গ্রুপ

## (ক) সাব-গ্রুপ-এর গঠন:

- |     |   |            |
|-----|---|------------|
| (১) | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়   | আহ্বায়ক   |
| (২) | প্রতিনিধি, প্রধান উপদেষ্টার কার্যালয়   | সদস্য      |
| (৩) | প্রতিনিধি, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়                            | সদস্য      |
| (৪) | প্রতিনিধি, পররাষ্ট্র মন্ত্রণালয়  | সদস্য      |
| (৫) | অনুবিভাগ প্রধান (পাবি), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়                         | সদস্য      |
| (৬) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ                         | সদস্য      |
| (৭) | ব্যবস্থাপনা পরিচালক, নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি<br>বাংলাদেশ লিমিটেড | সদস্য      |
| (৮) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন  | সদস্য-সচিব |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

## (খ) সাব-গ্রুপ-এর কার্যপরিধি:

- (১) বাংলাদেশের জন্য উপযোগী একটি Nuclear Fuel Cycle Policy প্রণয়ন করা;
  - (২) পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের সরবরাহকারীর নিকট থেকে কেন্দ্রের জীবদশায় জ্বালানি সরবরাহ নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় শর্তাবলি নির্ধারণ;
  - (৩) পারমাণবিক জ্বালানি ক্রয় অথবা ফুয়েল সাইকেল উন্নয়ন ক্ষমতা অথবা পুনরায় ব্যবহারের উপযোগিতা বিবেচনা করে দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন;
  - (৪) সরবরাহকারীর নিকট Spent Fuel ফেরত প্রদানের পূর্ব পর্যন্ত অস্থায়ী মেয়াদে Spent Fuel Storage এর বিষয়ে দিক নির্দেশনা নির্ধারণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
  - (৫) Radioactive Waste Handling, Storage and Disposal বিষয়ে দিক নির্দেশনা নির্ধারণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
  - (৬) প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত Environmental Impact Assessment সম্পন্নকরণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
  - (৭) সাব-গ্রুপ IAEA Nuclear Energy Series No. NG-G-3.1-এর Infrastructure Issues 13, 16 এবং 17 অনুসরণ করবে।
- (গ) সাব-গ্রুপ প্রয়োজনে বিষয়ভিত্তিক সদস্য কো-অপ্ট করতে পারবে।
- (ঘ) মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার যুগ্মসচিব/সমমানের পদমর্যাদার নিচের কোনো কর্মকর্তাকে প্রতিনিধি হিসেবে মনোনীত করা যাবে না।
- (ঙ) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়-এর সংশ্লিষ্ট শাখা কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- (চ) সাব-গ্রুপের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(৪) **কমিটির নাম:** ডেভেলপমেন্ট অব হিউম্যান রিসোর্সেস (Development of Human Resources) সাব-গ্রুপ:

## (ক) সাব-গ্রুপ-এর গঠন:

(১)	সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	আহ্বায়ক
(২)	প্রতিনিধি, প্রধান উপদেষ্টার কার্যালয়	সদস্য
(৩)	প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয়	সদস্য
(৪)	প্রতিনিধি, পররাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
(৫)	অনুবিভাগ প্রধান (পাবি), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	সদস্য
(৬)	প্রতিনিধি, অর্থ বিভাগ	সদস্য
(৭)	চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	সদস্য
(৮)	ব্যবস্থাপনা পরিচালক, নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড	সদস্য
(৯)	চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	সদস্য-সচিব

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

## (খ) সাব-গ্রুপ-এর কার্যপরিধি:

- (১) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প পরিচালনার জন্য প্রকল্পের বিভিন্ন পর্যায়ে প্রয়োজনীয় জনবল নির্ধারণ;
- (২) দেশীয় এবং প্রকল্প সরবরাহকারীর উৎস হতে প্রয়োজনীয় প্রশিক্ষণের ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ এবং তা বাস্তবায়নে যথাযথ উদ্যোগ গ্রহণ;
- (৩) প্রযুক্তি সরবরাহকারীর সহযোগিতায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের O&M Design সম্পর্কিত এবং প্রকল্প ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় দক্ষ পেশাজীবী গড়ে তোলার লক্ষ্যে On the job training-এর বিষয়ে প্রয়োজনীয় প্রস্তাবনা পেশ করা;
- (৪) প্রকল্পের সাথে সম্পৃক্ত অন্যান্য পেশাজীবীদের জন্য আন্তর্জাতিক মানদণ্ডের নিরিখে প্রয়োজনীয় প্রশিক্ষণের ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণসহ তা বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
- (৫) দেশীয় বিশ্ববিদ্যালয়সমূহে পারমাণবিক প্রযুক্তি বিষয়ক মৌলিক ও কারিগরি গবেষণার ক্ষেত্রসমূহ সম্প্রসারণের জন্য যথাযথ কার্যক্রম গ্রহণ;
- (৬) সাব-গ্রুপ IAEA Nuclear Energy Series No. NG-G-3.1-এর Infrastructure Issues 10 অনুসরণ করবে।

(গ) সাব-গ্রুপ প্রয়োজনে বিষয়ভিত্তিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঘ) মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার যুগ্মসচিব/সমমানের পদমর্যাদার নিচের কোনো কর্মকর্তাকে প্রতিনিধি হিসেবে মনোনীত করা যাবে না।

(ঙ) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়-এর সংশ্লিষ্ট শাখা কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(চ) সাব-গ্রুপের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(৫) **কমিটির নাম:** ন্যাশনাল পার্টিসিপেশন (National Participation) সাব-গ্রুপ

## (ক) সাব-গ্রুপ-এর গঠন:

(১)	সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	আহ্বায়ক
(২)	প্রতিনিধি, প্রধান উপদেষ্টার কার্যালয়	সদস্য
(৩)	প্রতিনিধি, পররাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
(৪)	প্রতিনিধি, শিল্প মন্ত্রণালয়	সদস্য
(৫)	প্রতিনিধি, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর	সদস্য
(৬)	চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	সদস্য
(৭)	চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	সদস্য
(৮)	ব্যবস্থাপনা পরিচালক, নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড	সদস্য
(৯)	অনুবিভাগ প্রধান (পাবি), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	সদস্য-সচিব

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

**(খ) সাব-গ্রুপ-এর কার্যপরিধি:**

- (১) প্রকল্পের জন্য দেশজ নির্মাণ সামগ্রী/দ্রব্যাদি ও সেবা প্রদানে জাতীয় যোগ্যতা নিরূপণ;
  - (২) জাতীয় স্থাপনা নির্মাণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে প্রকল্পে অংশগ্রহণে উৎসাহিত করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
  - (৩) প্রকল্পের পার্শ্ববর্তী এলাকায় সরকারি অব্যবহৃত স্থাপনাসমূহ প্রকল্প বাস্তবায়নের পর্যায়ে প্রয়োজন মোতাবেক ব্যবহার করা যায় কি না, তা চিহ্নিতকরণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;
  - (৪) সাব-গ্রুপ IAEA Nuclear Energy Series No. NG-G-3.1-এর Infrastructure Issues 11, 12 এবং 18 অনুসরণ করবে।
- (গ) সাব-গ্রুপ প্রয়োজনে বিষয়ভিত্তিক সদস্য কো-অপ্ট করতে পারবে।
- (ঘ) মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার যুগ্মসচিব/সমমানের পদমর্যাদার নিচের কোনো কর্মকর্তাকে প্রতিনিধি হিসেবে মনোনীত করা যাবে না।
- (ঙ) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়-এর সংশ্লিষ্ট শাখা কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- (চ) সাব-গ্রুপের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

**(৬) কমিটির নাম: ফাইন্যান্সিং (Financing) ও ক্রয় (Procurement) সাব-গ্রুপ****(ক) সাব-গ্রুপ-এর গঠন:**

(১) সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	আহ্বায়ক
(২) প্রতিনিধি, প্রধান উপদেষ্টার কার্যালয়	সদস্য
(৩) প্রতিনিধি, পররাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
(৪) প্রতিনিধি, বিদ্যুৎ বিভাগ	সদস্য
(৫) প্রতিনিধি, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	সদস্য
(৬) প্রতিনিধি, অর্থ বিভাগ	সদস্য
(৭) প্রতিনিধি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	সদস্য
(৮) প্রতিনিধি, শিল্প মন্ত্রণালয়	সদস্য
(৯) প্রতিনিধি, বাণিজ্য মন্ত্রণালয়	সদস্য
(১০) প্রতিনিধি, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ), আইএমইডি	সদস্য
(১১) অনুবিভাগ প্রধান (পাবি), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	সদস্য
(১২) চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	সদস্য
(১৩) ব্যবস্থাপনা পরিচালক, নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড	সদস্য
(১৪) চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	সদস্য-সচিব

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

**(খ) সাব-গ্রুপ-এর কার্যপরিধি:**

- (১) প্রকল্প বাস্তবায়নের জন্য অর্থের উৎসসমূহ চিহ্নিতকরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
- (২) অর্থায়নের শর্তাবলি ও পদ্ধতি চিহ্নিতকরণে যথাযথ উদ্যোগ গ্রহণ;
- (৩) কেন্দ্র থেকে উৎপাদিত বিদ্যুৎ বিপণনের জন্য একটি উপযুক্ত নীতিমালা প্রণয়নে উদ্যোগ গ্রহণ;
- (৪) পারমাণবিক বিদ্যুৎ উৎপাদন-প্রযুক্তি সংশ্লিষ্ট আন্তর্জাতিক Procurement-এর জন্য বিদ্যমান জাতীয় নীতিমালাসমূহের যথাযথ যাচাই ও এ সংক্রান্ত পরিবর্তন ও পরিবর্ধনের জন্য সুপারিশমালা প্রণয়ন;
- (৫) সাব-গ্রুপ IAEA Nuclear Energy Series No. NG-G-3.1-এর Infrastructure Issues 4 এবং 19 অনুসরণ করবে।

- (গ) সাব-গ্রুপ প্রয়োজনে বিষয়ভিত্তিক সদস্য কো-অপ্ট করতে পারবে।
- (ঘ) মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার যুগ্মসচিব/সমমানের পদমর্যাদার নিচের কোনো কর্মকর্তাকে প্রতিনিধি হিসেবে মনোনীত করা যাবে না।
- (ঙ) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়-এর সংশ্লিষ্ট শাখা কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- (চ) সাব-গ্রুপের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।
- (৭) কমিটির নাম: গ্রিড সিস্টেম ডেভেলপমেন্ট (Grid System Development) সাব-গ্রুপ

(ক) সাব-গ্রুপ-এর গঠন:

(১)	সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	আহ্বায়ক
(২)	প্রতিনিধি, প্রধান উপদেষ্টার কার্যালয়	সদস্য
(৩)	প্রতিনিধি, পররাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
(৪)	প্রতিনিধি, বিদ্যুৎ বিভাগ	সদস্য
(৫)	প্রতিনিধি, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড	সদস্য
(৬)	প্রতিনিধি, পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি	সদস্য
(৭)	চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	সদস্য
(৮)	চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	সদস্য
(৯)	ব্যবস্থাপনা পরিচালক, নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড	সদস্য
(১০)	অনুবিভাগ প্রধান (পাবি), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	সদস্য-সচিব

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) সাব-গ্রুপ-এর কার্যপরিধি:

- (১) ভবিষ্যতে জাতীয় Grid-এ পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র সংযোজনের জন্য বর্তমান Grid System-এর প্রয়োজনীয় সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ;
- (২) Grid System-এর Reliability নিশ্চিতকরণের জন্য যথাযথ উদ্যোগ গ্রহণ;
- (৩) পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রে সরবরাহের জন্য অন-সাইট Power System স্থাপনে এবং প্রয়োজনে পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের জন্য অফ-সাইট Power প্রাপ্তির সম্ভাব্যতা বিষয়ে উপযুক্ত প্রতিবেদন প্রণয়নের উদ্যোগ গ্রহণ;
- (৪) সাব-গ্রুপ IAEA Nuclear Energy Series No. NG-G-3.1-এর Infrastructure Issues 9 অনুসরণ করবে।

- (গ) সাব-গ্রুপ প্রয়োজনে বিষয়ভিত্তিক সদস্য কো-অপ্ট করতে পারবে।
- (ঘ) মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার যুগ্মসচিব/সমমানের পদমর্যাদার নিচের কোনো কর্মকর্তাকে প্রতিনিধি হিসেবে মনোনীত করা যাবে না।
- (ঙ) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়-এর সংশ্লিষ্ট শাখা কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- (চ) সাব-গ্রুপের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(৮) **কমিটির নাম:** ভারী যন্ত্রপাতি ট্রান্সপোর্টেশন প্লানিং (Heavy Equipment transportation Planning) সাব-গ্রুপ

(ক) সাব-গ্রুপ-এর গঠন:

(১)	সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	আহ্বায়ক
(২)	প্রতিনিধি, প্রধান উপদেষ্টার কার্যালয়	সদস্য
(৩)	অনুবিভাগ প্রধান (পাবি), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	সদস্য
(৪)	প্রতিনিধি, পররাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
(৫)	প্রতিনিধি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	সদস্য
(৬)	প্রতিনিধি, সেতু বিভাগ	সদস্য
(৭)	প্রতিনিধি, নৌপরিবহন মন্ত্রণালয়	সদস্য
(৮)	প্রতিনিধি, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (BIWTA)	সদস্য
(৯)	প্রতিনিধি, চট্টগ্রাম/মংলা বন্দর কর্তৃপক্ষ (প্রযোজ্য ক্ষেত্রে)	সদস্য
(১০)	চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	সদস্য
(১১)	ব্যবস্থাপনা পরিচালক, নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড	সদস্য
(১২)	চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	সদস্য-সচিব

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) সাব-গ্রুপ-এর কার্যপরিধি:

- (১) প্রকল্প বাস্তবায়নের জন্য ভারী নির্মাণ সামগ্রী ও যন্ত্রপাতি পরিবহণে যথার্থ পরিবহণ বুট নির্ধারণ ও এ সংক্রান্ত কাজে দেশীয় সক্ষম পরিবহণ প্রতিষ্ঠানসমূহ চিহ্নিতকরণ;
- (২) দীর্ঘ মেয়াদে প্রকল্প বাস্তবায়নকালীন পরিবহণ সংশ্লিষ্ট সুবিধা/অসুবিধাসমূহ নির্ধারণ;
- (৩) পরিবহণ ক্ষেত্রে মৌসুমী জলবায়ু সংশ্লিষ্ট অন্তরায়সমূহ অতিক্রমে বিকল্প পরিবহণ ব্যবস্থার সুপারিশ প্রণয়ন।

(গ) সাব-গ্রুপ প্রয়োজনে বিষয়ভিত্তিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঘ) মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার যুগ্মসচিব/সমমানের পদমর্যাদার নিচের কোনো কর্মকর্তাকে প্রতিনিধি হিসেবে মনোনীত করা যাবে না।

(ঙ) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়-এর সংশ্লিষ্ট শাখা কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(চ) সাব-গ্রুপের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(জ) এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২০ মে ২০১৯ তারিখের ০৪.০০.০০০০. ৬১১.০৬. ০০২. ১৯.১৫০ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

০২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ মাহবুবুর রহমান  
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd